শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২১/৮০৪/শিক্ষা

তারিখঃ ৩০-১০-২০২২

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীর -

১. **ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা প্রার্থীদেরকে (যারা অনলাইনে ভর্তি ফি ১০,০০০/- জমা দিয়েছে)** (সাধারণ, মুক্তিযোদ্ধা কোটা এবং উপজাতীয় কোটা) আগামী **৮, ৯ ও ১০ নভেম্বর ২০২২** তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে প্রশাসন ভবন সংলগ্ন আমতলায় স্থাপিত 'বাঁধন' এর অস্থায়ী বুথে সশরিরে উপস্থিত থেকে ব্লাড গ্রুপিং করিয়ে রিপোর্ট সংগ্রহ করতঃ শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত মেডিক্যাল বোর্ড-এ স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। এরপর শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় শাখার বুথ থেকে ব্যাংক একাউন্ট খোলার ফরম সংগ্রহ করতঃ তা যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত স্থান সমূহে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে ঃ

| অনুষদ/বিভিন্ন অফিস | রিপোর্টের স্থান |
|---|---|
| ভেটেরিনারি, কৃষি, পশু পালন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি, মাৎস্য বিজ্ঞান অনুষদ, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস) | সংশ্লিষ্ট ডীন অফিস/পরিচালকের কার্যালয় |
| সকল হলের প্রভোস্ট এবং প্রক্টর | টিএসসি কনফারেন্স হল |
| রেজিস্ট্রার, চীফ মেডিক্যাল অফিসার এবং ম্যানেজার, পূবালী ব্যাংক | শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন |

২. **ভর্তির সময় প্রার্থীদেরকে -**

I. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগে আনতে হবে।

II. ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত মূল ভর্তি ফর্মে সংশ্লিষ্ট অনুষদীয় ডীন, প্রক্টর, হল প্রভোস্ট ও রেজিস্ট্রারের স্বাক্ষর নিয়ে ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম এবং এসএসসি ও এইচএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, এইচএসসির মূল প্রশংসাপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজের ফটো শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত বুথে জমা দিতে হবে।

সংরক্ষিত আসনের জন্য (উপরোল্লেখিত কাগজপত্র ছাড়াও) -

i. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ii. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

iii. বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

III. শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্বর শাখার বুথে সশরিরে উপস্থিত থেকে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে। সঞ্চয়ী হিসাব খোলার জন্য প্রয়োজন হবে ঃ

- প্রার্থীর ৩ (তিন) কপি এবং নমিনির ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ফটো।
- প্রার্থীর NID এর ফটোকপি। প্রার্থীর NID না থাকলে SSC এর Registration Card এবং Birth Certificate এর ফটোকপি।
- নমিনির NID এর ফটোকপি।

❖ **সাধারণ নির্দেশনাঃ**

- ফরম ও স্বাক্ষর কার্ডে সর্বত্র একই স্বাক্ষর প্রদান করতে হবে (পেন্সিলে টিক চিহ্ন দেয়া থাকবে)।
- পেন্সিলে কেটে দেয়া পৃষ্ঠা পূরণ করতে হবে না কিন্তু টিক চিহ্নিত জায়গায় স্বাক্ষর দিতে হবে।
- বর্তমান ঠিকানায় ভর্তিকৃত অনুষদের নাম লিখতে হবে।
- সঠিকভাবে নিজের মোবাইল নম্বর লিখতে হবে। অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না।

IV. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও আনুষাঙ্গিক ফি **৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ)** টাকা। অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে নগদ কোন অর্থ প্রদান করতে হবে না। ফি গুলো নিম্নরূপ ঃ

- ভর্তি ফি ঃ ৫,১০৪.০০ (পাঁচ হাজার একশত চার) টাকা (লেভেল-১, সিমেস্টার-১ এর সিমেস্টার ফি ১২০০/- সহ),
- স্বাস্থ্য পরীক্ষা ফি ঃ ১৩০.০০ (একশত ত্রিশ) টাকা,
- রেজিস্ট্রেশন ফি ঃ ১০০.০০ (একশত) টাকা,
- হল সংক্রান্ত ফি ঃ ৮৮০.০০ (আটশত আশি) টাকা।

অনলাইনে প্রদানকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে উক্ত ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা কর্তন করে পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের ব্যাংক একাউন্টে (পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্বর শাখা) ফেরত প্রদান করা হবে।

৩. কেন্দ্রীয় ওরিয়েন্টেশন, অনুষদ ভিত্তিক ওরিয়েন্টেশন, হল ভিত্তিক ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তিতে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৪. **ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য ঃ**

i. প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।
ii. ক্লাশ শুরুর প্রথম ১৫ দিন ক্লাশ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
iii. ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
iv. ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার

মেমো নং নং-শা-১/ভ-০১/২১/৮০৪/শিক্ষা তারিখঃ ৩০-১০-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো ঃ

১. আহবায়ক, ভর্তি পরীক্ষা কমিটি।
২. সকল অনুষদীয় ডীন।
৩. কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি।
৪. ছাত্র বিষয়ক উপদেষ্টা। ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন ও টিএসসি কনফারেন্স হল ব্যবহারের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫. পরিচালক, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস)।
৬. কোষাধ্যক্ষ।
৭. সকল হলের প্রভোস্ট। ভর্তির দিগুলোতে টিএসসি কনফারেন্স হলে উপস্থিত থেকে হলে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার অনুরোধসহ। উল্লেখ্য, হলের জন্য নির্ধারিত ফি সমূহ কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করা হয়েছে যা পরবর্তীতে হলে প্রেরণ করা হবে।
৮. পরিচালক, আইসিটি সেল। বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৯. প্রক্টর। ছাত্র বিষয়ক উপদেষ্টা মহোদয়ের পরামর্শ মোতাবেক ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হল বন্টন এবং আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১০. গ্রন্থাগারিক। ভর্তির কাজে ব্যবহারের জন্য গ্রন্থাগার থেকে প্রয়োজনীয় সংখ্যক টেবিল ও চেয়ার সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ। এষ্টেট অফিসার টেবিল ও চেয়ার গ্রহণ এবং যথাসময়ে তা ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১১. চীফ মেডিকেল অফিসার। ডাক্তার এবং প্রয়োজনীয় ষ্টাফসহ শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে অবস্থান করতঃ স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করার অনুরোধসহ।
১২. প্রধান প্রকৌশলী। ভর্তির দিনগুলোতে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৩. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা।
১৪. প্রধান নিরাপত্তা কর্মকর্তা। ভর্তির দিনগুলোতে বিভিন্ন অনুষদ, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি, শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন এবং টিএসসি কনফারেন্স হলে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৫. এষ্টেট অফিসার। ভর্তির দিনগুলোতে গ্রন্থাগার থেকে টেবিল ও চেয়ার সংগ্রহ করে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে এবং টিএসসি কনফারেন্স হল থেকে টেবিল ও চেয়ার সংগ্রহ করে টিএসসি কনফারেন্স হল ও টিএসসি-তে স্থাপন করে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নাম ফলকসহ বসার ব্যবস্থা গ্রহণ এবং কাজ শেষে সেগুলো যথাস্থানে ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৬. ম্যানেজার, পূবালী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্বর শাখা, ময়মনসিংহ। ভর্তির দিনগুলোতে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে বুথ স্থাপন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৭. এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)।
১৮. সভাপতি, বাঁধন, বাকৃবি জোনাল পরিষদ। ভর্তির দিলগুলোতে প্রশাসন ভবন সংলগ্ন আমতলায় 'বাঁধন' এর অস্থায়ী বুথ স্থাপন করতঃ ছাত্র-ছাত্রীদের ব্লাড গ্রুপিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৯. ডেপুটি রেজিস্ট্রার, ভিসি সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
২০. ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

২১. ..............................................................................................।

৩০/১০/২০২২

**রেজিস্ট্রার**